

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ফরিদপুর
(স্থানীয় সরকার শাখা)
(www.faridpur.gov.bd)


জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স-এর মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ, জেলা প্রশাসক, ফরিদপুর।
সভার তারিখ : ১৮ মার্চ, ২০২৪ খ্রি:।
সভার সময় : সকাল ১০:০০ টা।
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার ১৮ আগস্ট, ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.২৩.০০১.১৭.৩৯২ নং স্মারকের জন্ম ও মৃত্যু নিবন্ধন নির্দেশিকা-২০২১ এর বিস্তারিত সভায় উপস্থাপন করেন। জন্ম ও মৃত্যু নিবন্ধনের দক্ষতাকে ইউনিয়ন পরিষদ ও পৌরসভার কর্ম সম্পাদন মূল্যায়নের অন্যতম গুরুত্বপূর্ণ সূচক হিসেবে বিবেচনা করা হয়। নির্ধারিত সময়ে (০১ বছরের মধ্যে) জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিতকরণ, নিবন্ধন কার্যক্রম পরিদর্শন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের উদ্দেশ্যে বিভিন্ন পর্যায়ে টাস্ক ফোর্সসমূহ গঠন করা হয়েছে। সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের বিষয়ে দায়িত্ব পালনে বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়সমূহ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
০১	পৌরসভার অধিভুক্ত এলাকায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়।	পৌরসভার অধিভুক্ত এলাকায় জন্ম ও মৃত্যু নিবন্ধন টার্গেটের তুলনায় কম হচ্ছে। পৌরসভার জন্ম ও মৃত্যু নিবন্ধন বৃদ্ধি করতে হবে।	পৌরসভা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স।
০২	জন্ম ও মৃত্যু নিবন্ধনের মার্চ মাসের টার্গেটের বিষয়ে আলোচনা করা হয়।	ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট অনুযায়ী ১০০% জন্ম ও মৃত্যু নিবন্ধন করতে না পারলে অদক্ষ হিসেবে গণ্য হবেন এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	০১। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ। ০২। ইউপি সচিব (সকল), ইউনিয়ন পরিষদ।
০৩	নবাগত শিশু/গর্ভবতী মায়ের তথ্য সরবরাহের বিষয়ে আলোচনা করা হয়।	কমিউনিটি ক্লিনিক/ইউনিয়ন স্বাস্থ্য উপকেন্দ্রে আগত শিশু/গর্ভবতী মায়ের তথ্য সংশ্লিষ্ট ইউপি সচিব/পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তার নিকট সরবরাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। সিভিল সার্জন, ফরিদপুর ০২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, ফরিদপুর।

অতঃপর সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২১/৩/২৪

(মোঃ কামরুল আহসান তালুকদার পিএএ)
জেলাপ্রশাসক
ও
সভাপতি
জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্ক ফোর্স
ফরিদপুর।




স্মারক নং: ০৫.১২.২৯০০.০১০.৯৯.০২০.২৩-

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০২। সিভিল সার্জন, ফরিদপুর।
- ০৩। অতিঃ জেলা প্রশাসক (শিঃ ও আইসিটি), ফরিদপুর।
- ০৪। মেয়র, পৌরসভা (সকল), ফরিদপুর।
- ০৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ফরিদপুর।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর।
- ০৭। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ০৮। সিনিয়র জেলা তথ্য অফিসার, ফরিদপুর।
- ০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর (ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।
- ১০। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ফরিদপুর।
- ১১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফরিদপুর।
- ১২। জনাব আসমা আক্তার মুক্তা, নির্বাহী পরিচালক, রাসিন, ফরিদপুর।
- ১৩। জনাব শিপ্রা গোস্বামী, সমন্বয়কারী, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস (BLAST), ফরিদপুর।
- ১৪। জেলা প্রতিনিধি, ব্যাক, ফরিদপুর।
- ১৫। অফিস কপি।


(চৌধুরী রওশন ইসলাম)
উপপরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার

ও
সদস্য-সচিব
জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধন টাঙ্ক ফোর্স
ফরিদপুর।